প্রিয়,

আমি আপনাকে আসন্ন পরিবার সংশ্লিষ্টতা উদ্যোগগুলোর বিষয়ে অবগত করার জন্য এই চিঠি লিখছি। এর মধ্যে প্রধানটি হচ্ছে, ডিপার্টমেন্ট অব এডুকেশন প্রথম সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (সিসিইএলএল) প্রতিষ্ঠার উদ্যোগ শুরু করবে যা ২০১০ সালের মে মাসে একটি মনোনয়ন প্রক্রিয়ার মধ্যে সমাপ্ত হবে। নতুন প্রশাসনিক বিধি অনুসারে,

"একটি সিটি-ওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স প্রতিষ্ঠা করা হবে। সিটি-ওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স এগারজন ভোটাধিকারী সদস্য এবং একজন অ-ভোটাধিকারী সদস্য নিয়ে গঠিত হবে, যা নিম্নরূপ:

(I) নয়জন ভোটধিকারী সদস্য যারা হবেন দ্বিভাষিক অথবা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম এর শিক্ষার্থীদের পিতামাতা... চ্যান্সেলর প্রণীত একটি প্রতিনিধিত্বমূলক প্রক্রিয়া অনুযায়ী যাদের মনোনীত করবেন এধরনের পরিষেবা লাভকারী শিক্ষার্থীদের পিতামাতারা। এধরনের সদস্যরা দুবছর মেয়াদে দায়িত্বপালন করবেন;

(II) দুজন ভোটাধিকারী সদস্যকে নিযুক্তি দেবেন সিটি অব নিউ ইয়র্কের পাবলিক অ্যাডভোকেট, যারা হবেন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের শিক্ষা সম্পর্কে ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন ব্যক্তি এবং সিটি ডিস্ট্রিক্টে দ্বিভাষিক ও ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কর্মসূচিগুলোর উন্নতিবিধানে উল্লেখযোগ্য অবদান রাখবেন। এধরনের সদস্যরা দুবছর মেয়াদে দায়িত্বপালন করবেন; এবং

(III) একজন অ-ভোটাধিকারী সদস্য যিনি হবেন একজন হাই স্কুল সিনিয়র যিনি বর্তমানে একজন দ্বিভাষিক অথবা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কর্মসূচির শিক্ষার্থী কিংবা শিক্ষার্থী ছিলেন, যাকে এধরনের কর্মসূচিগুলো তত্বাবধান করার জন্য চ্যান্সেলর কর্তৃক নিযুক্ত কর্মকর্তা নিয়োগ দেবেন। এধরনের সদস্য একবছর মেয়াদের জন্য দায়িত্বপালন করবেন।"

এই প্রশাসনিক বিধি সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (সিসিইএলএল)-কে দ্বিভাষিক ও ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ লার্নার্স কর্মসূচি সম্পর্কিত যেকোন শিক্ষা বা নির্দেশনাগত বিষয়ে পরামর্শ ও মতামত প্রদানের এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের পরিষেবা প্রদানের ক্ষেত্রে সিটি ডিস্ট্রিক্টের কার্যোপযোগিতা প্রসঙ্গে বার্ষিক প্রতিবেদন প্রকাশের (এবং কীভাবে এধরনের পরিষেবাগুলোর সক্ষমতা ও লভ্যতা বৃদ্ধি করা যায় সে-সম্পর্কে যথাযোগ্য সুপারিশ করার) ক্ষমতা দিয়েছে।

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রতিষ্ঠার প্রক্রিয়া প্রস্তাবিত চ্যান্সেলরের প্রবিধান D-170-তে বিধৃত হয়েছে, যা আন্ডারলাইন করা বাক্যাংশে ক্লিক করে দেখা যাবে।

ইতোমধ্যে-প্রতিষ্ঠিত সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (সিসিএসই)-এর জন্যও একটি নতুন মনোনয়ন প্রক্রিয়া আয়োজন করা হবে যেটিও অনুষ্ঠিত হবে ২০১০ সালের মে মাসে। নতুন পরিচালনপদ্ধতি আইন অনুসারে এখন কম্যুনিটি ডিস্ট্রিক্ট এবং ডিস্ট্রিক্ট ৭৫ উভয় ডিস্ট্রিক্টের স্কুলগুলোর ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম-বিশিষ্ট শিক্ষার্থীদের পিতামাতা কর্তৃক মনোনীত ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতাদের দিয়ে গঠন করতে হয়। ভৌগলিক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসমূহের আইইপি-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতারাও সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন-এ দায়িত্বপালন করতে পারেন।

নতুন প্রশাসনিক বিধি অনুসারে,

"সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল অন স্পেশাল এডুকেশন থাকবে ... (যেটি) নিম্ন উপায়ে গঠিত হবে এগারজন ভোটাধিকারী সদস্য এবং একজন অ-ভোটাধিকারী সদস্য দ্বারা:

1. নয়জন ভোটাধিকারী সদস্য যারা হবেন ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতা, যাদেরকে [এধরনের পরিষেবা গ্রহণকারী] শিক্ষার্থীদের পিতামাতারা চ্যান্সেলর প্রণীত একটি প্রতিনিধিত্বমূলক প্রক্রিয়া অনুযায়ী মনোনীত করবেন। এধরনের সদস্যরা দুবছর মেয়াদে দায়িত্বপালন করবেন;
2. দুজন ভোটাধিকারী সদস্যকে নিযুক্তি দেবেন সিটি অব নিউ ইয়র্কের পাবলিক অ্যাডভোকেট, যারা হবেন প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের শিক্ষা, প্রশিক্ষণ এবং চাকরিতে নিয়োগ বিষয়ে ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন ব্যক্তি এবং সিটি ডিস্ট্রিক্টে বিশেষ শিক্ষার উন্নতিবিধানে উল্লেখযোগ্য অবদান রাখবেন। এধরনের সদস্যরা দুবছর মেয়াদে দায়িত্বপালন করবেন; এবং
3. একজন অ-ভোধিকারী সদস্য যিনি হবেন ইনডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম-যুক্ত [পরিষেবা লাভকারী ...]একজন হাই স্কুল সিনিয়র, যাকে [সিটি-ওয়াইড] বিশেষ শিক্ষা কর্মসূচিগুলো তত্বাবধান করার জন্য চ্যান্সেলর কর্তৃক নিযুক্ত কর্মকর্তা নিয়োগ দেবেন। এধরনের সদস্য একবছর মেয়াদের জন্য দায়িত্বপালন করবেন।"

এই পরিচালনপদ্ধতি আইন সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (সিসিএসই)-কে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য লভ্য পরিষেবাগুলো সম্পর্কিত যেকোন শিক্ষা বা নির্দেশনাগত বিষয়ে পরামর্শ ও মতামত প্রদানের এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবা প্রদানের ক্ষেত্রে সিটি ডিস্ট্রিক্টের কার্যোপযোগিতা প্রসঙ্গে বার্ষিক প্রতিবেদন প্রকাশের (এবং কীভাবে এধরনের পরিষেবাগুলোর সক্ষমতা ও লভ্যতা বৃদ্ধি করা যায় সে-সম্পর্কে যথাযোগ্য সুপারিশ করার) ক্ষমতা দিয়েছে। এছাড়া, সিসিএসই কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টসমূহে কমিটি এবং/অথবা উপ-কমিটি গঠনের প্রক্রিয়া সম্পর্কে পমরামর্শ ও মতামত প্রদান করতে পারে।

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রতিষ্ঠার প্রক্রিয়া প্রস্তাবিত চ্যান্সেলরের প্রবিধান D-170-তে বিধৃত হয়েছে, যা আন্ডারলাইন করা বাক্যাংশে ক্লিক করে দেখা যাবে। বর্তমানে কার্যকর প্রবিধান যেটি সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (সিসিএসই) প্রতিষ্ঠায় নির্দেশনা জোগায় সেটি দেখার জন্য এই বাক্যস্থিত নিম্নরেখায়িত "সিসিএসই" শব্দটিতে ক্লিক করুন।

স্থানীয় কম্যুনিটি ডিস্ট্রিক্টগুলোতে এডুকেশন কাউন্সিলসমূহের ভূমিকা সম্পর্কে, ইংরেজি ভাষায়, আরও জানতে এখানে ক্লিক করুন।

আর একটি কথা। এই বসন্তে সব স্কুল প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশনের নির্বাচন করবে। নির্বাচনগুলো অনুষ্ঠিত হবে মে ও জুন মাসের মধ্যে।

> স্টেটের আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি সরকারি স্কুল ব্যবস্থাভুক্ত প্রতিটি স্কুলে অবশ্যই একটি প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) অথবা প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) থাকতে হবে। এলিমেন্টারি ও মিডল স্কুল, সিটিওয়াইড স্পেশাল এডুকেশন অ্যান্ড অল্টারনেটিভ হাই স্কুল প্রোগ্রামগুলোর পিএ/পিটিএ-কে তথ্য জোগান হবে এবং তারা ফ্যামিলি এনগেজমেন্ট অফিসের কাছে সহায়তা চাইতে পারে।

সংজ্ঞা:

A. প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) নিউ ইয়র্ক সিটি সরকারি স্কুলগুলোর শিক্ষার্থীদের পিতামাতাদের একটি সংগঠন যা পিতামাতাদের ভোটে সৃষ্টি এবং প্রতিষ্ঠিত হয়েছে যেটি উপবিধি প্রণয়ন করেছে, নির্বাচিত কর্মকর্তা রয়েছেন, নিয়মিত বৈঠক করে, এবং এর সদস্যদের অর্থপূর্ণ অংশগ্রহণে অনুমতি ও তাগিদ দেয়।

B. একটি প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) প্রতিষ্ঠিত হয় যখন পিএ-র পিতামাতা সদস্যরা শিক্ষকদের সদস্যপদ প্রদানের জন্য ভোট দিয়ে উপবিধি সংশোধন করেন।

প্রতিটি অ্যাসোসিয়েশনকে অবশ্যই একজন প্রেসিডেন্ট, সেক্রেটারি ও একজন ট্রেজারার নির্বাচন করতে হবে। মে ও জুন মাসে অনুষ্ঠিতব্য আসন্ন নির্বাচনগুলো সম্পর্কে আরও জানতে ইচ্ছুক পিতামাতাদের বর্তমান নির্বাহী বোর্ডের সদস্যদের অথবা (212) 374-2323 নম্বরে ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসের সাথে যোগাযোগ করা উচিত।

(সব পিএ/পিটিএ নির্বাচন স্কুলে পরিচালনা করা হয় এবং ১ জুলাই থেকে আগামী বছরের ৩০ জুন পর্যন্ত স্কুল কম্যুনিটির প্রতিনিধিত্ব করার জন্য নির্বাহী বোর্ডের কর্মকর্তা নির্বাচনের উদ্দেশে এতে একটি মনোনয়ন প্রক্রিয়া রয়েছে যা একটি মনোনয়ন কমিটি পরিচালনা করে বা বার্ষিক সভা চলাকালে উপস্থিত সদস্যদের মধ্য থেকে মনোয়ন গ্রহণ করার মাধ্যমে পরিচালিত হয়।)

আমি আশা করি এই অংশটি স্কুল কম্যুনিটিতে পিতামাতাদের সংশ্লিষ্টতা এবং আমাদের সরকারি স্কুলগুলোকে যেসব প্যারেন্ট লিডারশিপ সংগঠন বলিষ্ঠ সহায়তা দেয় এবং স্থানীয় কম্যুনিটিসমূহে প্রাণচাঞ্চল্য সৃষ্টিতে অবদান রাখে, সেগুলোকে সাহায্য লাভের জন্য আপনার সমর্থন অর্জনে যথেষ্ট তথ্য জুগিয়েছে।

মার্টিন গেরিয়ার
চিফ ফ্যামিলি এনগেজমেন্ট অফিসার
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফিসার
52 Chambers Street
New York, NY 10007

ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস
49 Chambers Street, Rm. 503
New York, NY 10007